দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 31 JUL 1989
পৃষ্ঠা 4 কলাম 6

৩৫

17

## এস, এস, সি'তে সমাজ কল্যাণ চাই

উচ্চমাধ্যমিক, স্নাতক ও স্নাতকোত্তর শ্রেণীতে ছাত্র-ছাত্রীরা সমাজকল্যাণ বিষয়ে শিক্ষা গ্রহণ করে। কারণ সমাজকল্যাণ বহুমুখী সামাজিক সমস্যা সমাধানের মাধ্যমে একটি সুখী, সুন্দর এবং প্রগতিশীল সমাজ গঠনে সাহায্য করে। সমাজকল্যাণ বিভিন্ন সামাজিক সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলেই বিভিন্ন বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ে এ বিষয়টি চালু রয়েছে।

উল্লেখ্য, এদেশের শতকরা ৮০ জন কৃষক এবং তারা গ্রামে বাস করে। তাদের ছেলেমেয়েরা অনেকেই অর্থাভাবে স্নাতক বা স্নাতকোত্তর শিক্ষা লাভ করতে পারে না। এমনকি মাধ্যমিক শিক্ষা ও ভাগ্যে জোটেনা ফলে অধিকাংশ ছেলেমেয়ে সমাজ কল্যাণ শিক্ষা থেকে বঞ্চিত হয়। কিন্তু সমাজ কল্যাণ সামাজিক উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলেও এসএসসি-তে এ বিষয়টি নেই।

অতএব, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উপরোক্ত বিষয় বিবেচনা করে এসএসসি-তে সমাজকল্যাণ বিষয়টি চালু করে ছাত্র-ছাত্রীদের উল্লেখিত বিষয়ে শিক্ষালাভের সুযোগ দেবেন বলে আশা রাখি।

বলরাম দাস
বসন্তপুর, বাজিতপুর,
কিশোরগঞ্জ।

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রবৃত্তি ও ভর্তুকির জন্য আবেদন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর ময়মনসিংহ রেল ষ্টেশনে মাইকে প্রচার করে শিক্ষার্থীদের কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার জন্য আহ্বান করা হত। এখন অপর যে কোন ক্ষেত্রে যেমন চিকিৎসা ও প্রকৌশল শিক্ষার পাশাপাশি মেধাবী ছাত্র-ছাত্রীরা কৃষি বিশ্ববিদ্যালয়ে শিক্ষালাভের জন্য ভিড় করে থাকে।

প্রতিষ্ঠালগ্নে কৃষি বিশ্ববিদ্যালয়ে মাসিক একশ' টাকা বৃত্তি দেয়া হত। মেধাবী ছাত্রদের কৃষিবিদ্যা শিক্ষার জন্য বৃত্তি দিয়ে এভাবে উদ্বুদ্ধ করা হত। তখন ওই বৃত্তির টাকায় লেখাপড়া ও খাওয়া খরচ চালিয়ে শিক্ষার্থীদের হাতে কিছু টাকা উদ্বৃত্ত থাকত।

কিন্তু বর্তমানে এই অগ্নিমূল্যের বাজারে এখনও ১৯৬৩ সালে প্রদত্ত একশ' টাকার বৃত্তি আর বাড়ানো হয়নি। কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রবৃত্তি বাড়ানো হয়নি। কারিগরি বিশ্ববিদ্যালয় বুয়েটে স্নাতকোত্তর পর্যায়ে উচ্চ হারে ছাত্রবৃত্তি এবং ক্যান্টিনে ভর্তুকি দেয়ার ব্যবস্থা রয়েছে। একই মানের দু'টি বিশ্ববিদ্যালয়ে এই বৈষম্য থাকা উচিত নয়।

সুতরাং সদাশয় সরকারের নিকট আবেদন কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রবৃত্তির টাকা বাড়িয়ে তিনশ' টাকা এবং ক্যান্টিনে ভর্তুকি দেয়ার ব্যবস্থা করে ছাত্রদের উচ্চশিক্ষার পথ সুগম করা হোক।

সুব্রত নন্দী, কৃষি অনুষদ
৪১২, সোহরাওয়ার্দী হল,
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।